প্রেসিডেন্ট নির্বাচনে রুশপন্থী ইয়ানুকোভিচ বিজয়ী হচ্ছেন

মার্কিন প্রভাব থেকে মুক্ত হওয়ার পক্ষে রায়

ইনকিলাব ডেস্ক : সাবেক সোভিয়েত বলয়ভুক্ত দেশ ইউক্রেনের প্রেসিডেন্ট নির্বাচনে রুশপন্থী প্রার্থী ভিক্টর ইয়ানুকোভিচ বিজয়ী হতে চলেছেন। গতকাল সোমবার অধিকাংশ ভোটকেন্দ্রের ফলাফল থেকে দেখা যায়, ২০০৪ সালের অরেঞ্জ বিপ্লবের ফলে ক্ষমতাসীন মার্কিনপন্থী নেত্রী প্রধানমন্ত্রী ইউলিয়া টাইমোশেংকো পরাজিত হচ্ছেন। এ নির্বাচনের ফলাফল থেকে দেখা যাচ্ছে, দেশটির জনগণ মার্কিন প্রভাব থেকে মুক্ত হতে চাচ্ছে। তারা স্বাধীনভাবে নিজেদের দেশ পরিচালনার পক্ষপাতি। নির্বাচনে ইয়ানুকোভিচ পেয়েছেন ৪৮.৯ ভাগ এবং ইউলিয়া টাইমোশেংকো পেয়েছেন ৪৫.৪ ভাগ ভোট। আর ৪.৫ ভাগ ভোট প্রতিদ্বন্দ্বি দু'প্রার্থীর বিরুদ্ধে পড়ে। ১.২ ভাগ ভোট নষ্ট হয়েছে। ইউক্রেন প্রজাতন্ত্র রাশিয়া এবং ইউরোপীয় ইউনিয়নের মধ্যে অবস্থিত হওয়ায় দেশটি ভূ-রাজনৈতিক গুরুত্ব অনেক বেশি। নির্বাচনের ফলাফল থেকে দেখা যায়, রুশপন্থী নেতা ইয়ানকোভিচ বিজয়ী হবেন। তিনি ২০০৪ সালের নির্বাচনে বিজয়ী হওয়ার আশা পোষণ করছিলেন। কিন্তু সে সময় ইউলিয়া টাইমোশেংকো রুশ বিরোধী প্রচারণা চালিয়ে অরেঞ্জ বিপ্লবের মাধ্যমে বিজয়ী হন। ইউলিয়া পাশ্চাত্যপন্থী হিসেবে পরিচিত এবং তিনি ইউক্রেনে পাশ্চাত্যের ভাবাদর্শ প্রচারে নিজেকে নিয়োজিত করেন। পাশ্চাত্যের সমাজ পুঁজিবাদের ওপর ভিত্তি করে গড়ে ওঠেছে। এ সমাজে যেনতেনভাবে অর্থ উপার্জনই বড় কথা। এক্ষেত্রে নীতি-নৈতিকতা মেনে চলার কোন প্রয়োজন নেই। এক্সিট পোলের ভবিষ্যদ্বাণীতে দেখা যায়, ইয়ানুকোভিচ ৩ থেকে ৫ ভাগ ভোটের ব্যবধানে বিজয়ী হতে পারেন। টাইমোশেংকো একজন চমক সৃষ্টিকারী নেত্রী। তিনি নির্বাচনী প্রচারণাকালে ইউক্রেনের ইউরোপীয় ইউনিয়নভুক্তির বিষয়ে জনগণকে সচেতন করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেন। অরেঞ্জ বিপ্লবের সময় টাইমোশেংকো শীর্ষ নেত্রী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হন। নির্বাচন কমিশন জানিয়েছে, এবারের নির্বাচনে ৬৯ ভাগ ভোট পড়েছে। গত রোববার রাতে বিজয় ভাষণে ইয়ানুকোভিচ বলেন, এ প্রেসিডেন্ট নির্বাচন ইউক্রেনের ইতিহাসে একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। এ নির্বাচনের ফলে টাইমোশেংকোর সমর্থকদের জনগণ উপযুক্ত জবাবই দিয়েছে। তিনি আরো বলেন, ইউক্রেনের যে কোন স্থানে যে কোন নাগরিকই বাস করুন না কেন আমি তাদের সবার জীবনে শান্তি ও স্বস্তি ফিরিয়ে আনতে প্রয়োজনীয় সবকিছুই করবো। আর যে দেশে তারা বসবাস করছে তাদের সেই দেশটিতে স্থিতিশীলতা নিশ্চিত করবো। তিনি জনগণের রায় মেনে নিয়ে ক্ষমতা থেকে সরে দাঁড়ানোর জন্য টাইমোশেংকোর প্রতি উদাত্ত আহ্বান জানান। কিন্তু টাইমোশেংকো তার আহ্বান প্রত্যাখ্যান করে বলেছেন, তিনি এ নির্বাচনের ফলাফল চ্যালেঞ্জ করবেন। ৫৯ বছর বয়সী ভিক্টর ইয়ানুকোভিচ রুশপন্থী রাজনীতিবিদ। এ কারণে তাঁর শাসনামলে দেশটি রুশপন্থী পররাষ্ট্র নীতি গ্রহণ করবে এটাই স্বাভাবিক। কিয়েভ থেকে বিবিসির সংবাদদাতা রিচার্ড গ্যালপিন বলেন, অরেঞ্জ বিপ্লবের সময় ওই বিপ্লবের নেতৃবৃন্দ যে সব প্রতিশ্রুতি পালনের কথা জনগণের কাছে ঘোষণা করেছিলেন সেগুলো তারা পূরণ করেননি। এর ফলে এবারের প্রেসিডেন্ট নির্বাচনে জনগণ তাদের প্রতারণার জবাব দিয়েছে তাদেরকে পরাজিত করে। শূন্য ও অসার প্রতিশ্রুতি দিয়ে জনগণকে সাময়িক কিছুকালের জন্য ধোঁকা দিয়ে ক্ষমতায় যাওয়া যায়। কিন্তু পরবর্তীতে তাদের ব্যাপারে যখন জনগণের মোহমুক্তি ঘটবে তখন তারা জনগণের দ্বারা প্রত্যাখ্যাত হবে। এটাই ইতিহাসের শিক্ষা।

মাওবাদী দমনে যে কোন সময় যৌথ অভিযান

ইনকিলাব ডেস্ক : ভারতে মাওবাদী তৎপরতা দমনে আজ মঙ্গলবার পশ্চিমবঙ্গে সংশ্লিষ্ট কয়েকটি রাজ্যের মুখ্যমন্ত্রীদের সাথে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী পি চিদম্বরম বৈঠকে বসছেন। এর আগে একই ইস্যুতে রাজধানী

নয়াদিল্লীতে কেন্দ্রীয়ভাবে আহূত মুখ্যমন্ত্রীদের বৈঠকে প্রধানমন্ত্রী মনমোহন সিং এবং স্বরাষ্ট্রমন্ত্রী চিদম্বরম উপস্থিত ছিলেন। এ বৈঠকে সাধারণ জনগণের ক্ষয়ক্ষতি যথাসম্ভব কমিয়ে মাওবাদীদের দমনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের পক্ষে কয়েকটি প্রস্তাব উত্থাপন করা হয়। এ প্রস্তাব অনুযায়ী স্বরাষ্ট্রমন্ত্রী চিদম্বরম পশ্চিমবঙ্গে অতিরিক্ত ৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠাতে রাজি হয়েছেন। উল্লেখ্য, এ বৈঠকে ব্যস্ততার জন্য বুদ্ধদেব ভট্টাচার্য উপস্থিত থাকতে পারেননি। তার পক্ষে প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মন্ত্রী সূর্যকান্ত মিশ্র। আজ মঙ্গলবার মাওবাদীদের বিরুদ্ধে লড়াইয়ে রণকৌশল নির্ধারণের জন্য পশ্চিমবঙ্গের মহাকরণে (সচিবালয়ে) মুখ্যমন্ত্রীদের নিয়ে চিদম্বরম বৈঠকে বসবেন। অন্যদিকে, সম্ভাব্য অভিযানের প্রতিবাদে পশ্চিমবঙ্গসহ ভারতের ৫ রাজ্যে বন্ধ (হরতাল) ডেকেছে মাওবাদীরা। এ বন্ধের মাধ্যমে আতংক সৃষ্টি করার জন্য এবং একই সাথে নিজেদের শক্তিমত্তা প্রদর্শনের জন্য মাওবাদীরা বিস্ফোরণ ঘটিয়ে বিহারে রেললাইন উড়িয়ে দিয়েছে। এর আগে কেন্দ্রের পক্ষ থেকে অস্ত্র ত্যাগ করে আলোচনায় বসার আহ্বান জানানো হলেও মাওবাদীরা তাতে সাড়া দেয়নি। এ অবস্থায় উভয়পক্ষের লড়াই এখন প্রায় অনিবার্য হয়ে ওঠেছে। যে কোন দিন এ লড়াই শুরু হতে পারে বলে আশংকা করা হচ্ছে।

হেলমান্দে ন্যাটো বাহিনীর বড় ধরনের সমর প্রস্তুতি

ইনকিলাব ডেস্ক : ন্যাটোর ব্যাপক সামরিক অভিযানের আশংকায় তালিবান নিয়ন্ত্রিত দক্ষিণ আফগানিস্তান থেকে হাজার হাজার লোক পালিয়ে যাচ্ছে। মনে করা হচ্ছে, ২০০১ সালে আফগান সংঘাত শুরু হবার পর এটা হবে সবচেয়ে বড় ধরনের প্রতিহামলা। এ অঞ্চল জুড়ে রয়েছে তালিবানদের প্রাধান্য। তাদের সবচেয়ে শক্তিশালী ঘাঁটিও এখানে রয়েছে। যে কোন মুহূর্তে এখানে বড় ধরনের সামরিক অভিযান শুরু হতে পারে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী সতর্ক করে দিয়েছেন যে, এ সংঘর্ষের সময় যৌথবাহিনীতে হতাহতের সংখ্যা ব্যাপক হতে পারে। প্রাণ ভয়ে এলাকার অভিবাসীরা বাড়ী-ঘর ছেড়ে পালিয়ে যাচ্ছে। ন্যাটো বাহিনী যৌথবাহিনীর অধীন মার্কিন নৌবাহিনী ও আফগান সৈন্যদের কমান্ডাররা বলছেন, সৈন্যরা প্রস্তুত যে কোন দিন তালিবান নির্মূল অভিযান শুরু হয়ে যাবে। বৃটিশ সেনা কমান্ডার জেনারেল নিক কার্টার বলেছেন, মারজাহ অভিযানের বিকল্প নেই। এ এলাকাটি নিয়ে আফগান সরকার উদ্বিগ্ন। এখানে তালিবানদের নির্মূল করতে না পারলে দেশটির স্থিতিশীলতা আনা সম্ভব নয়। মারজাহ অভিযানে আফগান সৈন্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। অভিযানের পথ প্রদর্শক তবে তারা। এ ব্যাপারে কয়েক মাস যাবত প্রস্তুতি নেয়া হচ্ছে। তালিবান নেতারাও মনে করেন, মারজাহ এলাকায়ই সর্বাত্মক নড়াই হবে। হেলমান্দ প্রদেশের রাজধানী মারজাহ। এলাকাটি তালিবানদের জন্য গুরুত্বপূর্ণ। লড়াইয়ের জন্য তালিবানরাও সম্পূর্ণ প্রস্তুত। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী বব আইনস ওয়ার্থ রোববার বলেন, হতাহত তেমন একটা ব্যাপার নয়, আমরা ভাবছি কখন আমরা এ অভিযান শুরু করবো। তিনি আরো বলেন, এটা কোনভাবেই নিরাপদ পরিবেশ নয়। আমরা কখনই এটাকে ঝুঁকিমুক্ত অভিযান মনে করি না।

তালেবান মুখপাত্র ইউসুফ আহমদি অজ্ঞাত স্থান থেকে টেলিফোনে সংবাদ সংস্থাকে জানিয়েছেন, মারজাহ আমরা নিয়ন্ত্রণ করছি, এটা কাউকে দখল প্রতিষ্ঠা করতে দেব না। এ জন্য যে কোন ত্যাগে তালিবান যোদ্ধারা প্রস্তুত। বিভিন্ন সংবাদপত্র জানিয়েছে, মারজাহ তালিবান নিয়ন্ত্রিত একটি শক্তিশালী এলাকা।

ভারতের সফল ক্ষেপণাস্ত্র পরীক্ষা

এএফপি ঃ ভারত রোববার পারমাণবিক বোমা বহনে সক্ষম একটি ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে। একটি পতিরক্ষা সূত্র জানায়, ভারতের প্রধান প্রতিপক্ষ পাকিস্তানের সাথে আলোচনার প্রস্তাব দেয়ার কয়েকদিন পরেই এ পরীক্ষা চালানো হলো। ৩ হাজার কিলো মিটার পাল্লার শূন্য থেকে শূন্যে নিক্ষেপযোগ্য অগনি-৩ ক্ষেপণাস্ত্রটির উড়িষ্যা রাজ্যের উপকূলে হুইলার দ্বীপে পরীক্ষা চালানো হয়। পরীক্ষা সফল হয়েছে। একটি

রেলওয়ে মোবাইল লাঞ্চার থেকে ক্ষেপণাস্ত্রটি উৎক্ষেপণ করা হয়। দেড়টন ওজনের পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম এটি চতুর্থ পরীক্ষা এবং শক্ত জ্বালানি ব্যবহার করা হয়। ভারত গত বুধবার জানিয়েছে, তারা পাকিস্তানের সাথে পররাষ্ট্র সচিব পর্যায়ের আলোচনা শুরু করছে। ২০০৮ সালে মুম্বাই হামলার পর থেকে বন্ধ হয়ে যাওয়া সম্পর্ক স্থাপনের চেষ্টার সংকেত দেয়। নয়া দিল্লী পাকিস্তানের মাটিতে সন্ত্রাসী গ্রুপকে দমন এবং মুম্বাই হামলায় জড়িতদের বিচার না করা পর্যন্ত পাকিস্তানের সাথে পুনরায় আলোচনার কথা সরাসরি অস্বীকার করে আসছিল। ভারত ও পাকিস্তান ২০০৪ সালে একটি শান্তি আলোচনা চালিয়ে আসছিল। এতে পারমাণবিক শক্তিধর দুটি দেশের মধ্যকার উত্তেজনা কমাতে সাহায্য করতো, বিশেষ করে বিতর্কিত অঞ্চল কাশ্মীরের ব্যাপারে উত্তেজনা কমে আসছিল।

চীনে আবারও মেলামিনযুক্ত গুঁড়ো দুধ পাওয়া গেছে

রয়টার্স ঃ চীনে গুঁড়ো দুধে আবার মেলামিন পাওয়ায় দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলের দুগ্ধ খামারগুলো বন্ধ করে দেয়া হয়েছে। বিভিন্ন খামার থেকে মেলামিনযুক্ত প্রায় ৭২ টন গুঁড়ো দুধ আটক করা হয়েছে। চীনে ২০০৮ সালে বিষাক্ত মেলামিনযুক্ত গুঁড়ো দুধ খেয়ে কমপক্ষে ছয় শিশু মারা যায়। মেলামিন একটি রাসায়নিক যৌগ যা প্লাস্টিকের বিকল্প শিল্প কারখানায় বা সার হিসেবে ব্যবহৃত হয়। বিভিন্ন পরীক্ষায় প্রোটিনের উচ্চমাত্রা দেখানোর জন্য খাদ্যদ্রব্যে মেলামিন মেশানো হয়। চীনের একটি দৈনিক পত্রিকায় দুগ্ধ খামারুগলো বন্ধ করে দেয়ার কথা জানিয়ে বলা হয়, এখনো মেলামিনযুক্ত প্রায় ১০০ টন গুঁড়ো দুধ বাজারে রয়েছে। চীনে গত কয়েক মাসে বেশ কয়েকবার গুঁড়ো দুধে মেলামিন পাওয়া যায়। এগুলোর মধ্যে পুরনো দুধের কিছু নমুনা ছিল। গুঁড়ো দুধে মেলামিন খাওয়ার খবর ছড়িয়ে পড়ার পরও পুরনো দুধ ধ্বংস করা হয়নি। লিংজিয়ার স্থানীয় সরকারের বরাত দিয়ে পত্রিকাটি জানায়, এই প্রদেশের তিয়ানতিয়ান ডেইরি কোম্পানী লিমিটেড মেলামিনযুক্ত ১৭০ টন গুঁড়ো দুধ প্যাকেটজাত করে বাজারে ছাড়ে। গত সপ্তাহে নিংজিয়ার পার্শ্ববর্তী সাংজি প্রদেশে দুধে মেলামিন মিশিয়ে বাজারজাত করার দায়ে একটি দুগ্ধ খামার থেকে তিনজনকে গ্রেফতার করা হয়। এছাড়াও মেলামিন মিশ্রিমত দুধ বিক্রির অভিযোগে গত বছর সাংহাই পাণ্ডা ডেইরি কোম্পানী বন্ধ করে দেয়া হয়। এর সঙ্গে সংশ্লিষ্ট থাকায় নিংজিয়া পাণ্ডা দুগ্ধ খামারও বন্ধ করে দেয়া হয়।

বেলজিয়ামের কাছে কারাগার ভাড়া দিল নেদারল্যান্ড

রয়টার্স : গল্প উপন্যাসে থাকলেও থাকতে পারে, কিন্তু বাস্তবে যা ঘটেনি তেমনটিই এবার ঘটেছে ইউরোপের দেশ নেদারল্যান্ডে। নেদারল্যান্ড সরকার প্রথমবারের মতো বেলজিয়ামের কাছে তাদের খালি পড়ে থাকা কারাগার কক্ষ লিজ দিয়েছে। দক্ষিণাঞ্চলীয় শহর টিলবার্গের কয়েদখানা বেশিরভাগ সময় এমনিতেই খালি পড়ে থাকে। তাই বেলজিয়ামের ৫০০ কয়েদিকে কারাগার কক্ষে নিতে রাজি হয়েছে নেদারল্যান্ড। তিন বছরের এ চুক্তি অনুযায়ী, ডাচ সরকার বেলজিয়ামের কাছ থেকে বছরে ৩০ মিলিয়ন ইউরো (৪১ দশমিক ১৪ মিলিয়ন ডলার) ভাড়া পাবে। এত বেশি ভাড়া দিতে বেলজিয়ামও গররাজি না। কারণ, তাদেরও তীব্রাকান্ত কয়েদখানা নিয়ে করুণ দশা। সে কারণেই বেলজিয়ামের সাবেক প্রধানমন্ত্রী ও বর্তমানে ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট হারম্যান ভ্যান রম্পুই গত বছর এ ধরনের উদ্যোগ নিতে বাধ্য হন। কারণ, বেলজিয়ামের নতুন কয়েদখানা চালু হতে ২০১২ পর্যন্ত সময় লেগে যাবে। কারাগার ভাড়া উপলক্ষে চুক্তি অনুষ্ঠানে ডাচ বিচার উপমন্ত্রী নেবাহাট আলবাইরাক নেদারল্যান্ড ও বেলজিয়ামের পতাকার রঙের ফিতায় মোড়া একহাত সমান লম্বা রূপকধর্মী কারাগারের চাবিটি বেলজিয়ামের বিচার মন্ত্রী স্তেফান ডি ক্লার্কের কাছে হস্তান্তর করেন। আল বাইরাক বলেন, আমরা কোন মুনাফা করছি না। স্বল্প সময়ে অনেক বেশি কারাগার নির্মাণের পাশাপাশি অপরাধ প্রবণতা কমে যাওয়ার কারণে আমাদের কারাগারগুলোতে ধারণ ক্ষমতা এত বেশি।

যুক্তরাষ্ট্রে বিদ্যুৎ কেন্দ্র বিস্ফোরণে নিহত ৫

ইনকিলাব ডেস্ক : যুক্তরাষ্ট্রের কানেকটিকাট অঙ্গরাজ্যে নির্মাণাধীন একটি বিদ্যুৎ কেন্দ্রে বিস্ফোরণের ঘটনায় ৫ জন নিহত ও ১২ জন আহত হয়েছে বলে জানা গেছে। মিডলটাউনের মেয়র সেবাস্টেইন গাইলিয়ানো বলেন, বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস বিস্ফোরণের কারণে এ হতাহতের ঘটনা ঘটে। বিদ্যুৎ কেন্দ্রের ভেতর এখনও লোকজন আটকা রয়েছে এবং এ ঘটনায় নিহতের সংখ্যা আরো বৃদ্ধি পেতে পারে বলে তিনি আশংকা প্রকাশ করেছেন। আটকেপড়াদের উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে বলে তিনি জানান। গত রোববার স্থানীয় সময় ১০টা ১৭ মিনিটে মিডলটাউনের বাইরে অবস্থিত ক্লিন এনার্জি নামের এ বিদ্যুৎ কেন্দ্রে বিস্ফোরণ ঘটে। বিদ্যুৎ কেন্দ্রটি বিস্ফোরিত হলে এর ৫০ কিলোমিটার দূরের লোকজনও কম্পন অনুভব করে বলে জানা গেছে। বিস্ফোরণে ওই অঞ্চলের আকাশ কালো ধোঁয়ায় ছেয়ে যায়। ক্লিন এনার্জি নামের এ বিদ্যুৎ কেন্দ্রটির নির্মাণ কাজ ইতিমধ্যে ৯৫ শতাংশ শেষ হয়েছে। আগামী গ্রীষ্মের মধ্যে এর সম্পূর্ণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছিল। মেয়র আরো বলেন, শহরের দক্ষিণে নির্মাণাধীন এ বিদ্যুৎ কেন্দ্রটিতে ১শ' থেকে ২শ' শ্রমিক কাজ করে। তবে, বিস্ফোরণের সময় কতজন শ্রমিক ভেতরে কাজ করছিল সে সম্পর্কে কোন সঠিক তথ্য তিনি জানাতে পারেননি। মিডলটাউনের ফায়ার ডিপার্টমেন্টের ডেপুটি ফায়ার মার্শাল আল স্যান্টোসটেফানো বলেন, বিস্ফোরণটি ঘটার সময় সেখানে শতাধিক শ্রমিক ছিল। কানেকটিকাটের গভর্নর জোডি রেল ইতিমধ্যে সেখানে উদ্ধারকর্মী পাঠিয়েছেন।

যুক্তরাষ্ট্র ব্রিটেন ও জার্মানির ক্ষুব্ধ প্রতিক্রিয়া

২০ শতাংশ পরমাণু জ্বালানি উৎপাদন শুরুর ঘোষণা দিয়েছে ইরান

ইনকিলাব ডেস্ক : মার্কিন প্রতিরক্ষামন্ত্রী রবার্ট গেটস ইরানের পরমাণু প্রকল্প বন্ধ করতে আবারো আন্তর্জাতিক সমাজকে একত্রিত হবার অনুরোধ জানিয়েছেন। ইরানের প্রেসিডেন্ট মাহমুদ আহমাদিনেজাদ ইউরেনিয়াম তেজস্ক্রীয়তা ২০ ভাগ বাড়িয়ে নেয়ার আদেশ দেওয়ার পরই মি. গেটস একটি বিবৃতিতে এ আহ্বান জানান। ইরানের এ পদক্ষেপকে উসকানিমূলক হিসেবে দেখা হবে বলে জানান সংবাদদাতারা। এদিকে ব্রিটেন ও জার্মানি ইরানের এ পদক্ষেপের নিন্দা জানিয়েছে। সূত্র : বিবিসি ও এএফপি। তেহরানের গবেষণা চুল্লির জন্য ইরানের আণবিক শক্তি সংস্থা পরমাণু জ্বালানি উৎপাদনের কাজ শুরু করছে বলে প্রেসিডেন্ট মাহমুদ আহমাদিনেজাদ জানিয়েছেন। এর ফলে ইরানের ইউরেনিয়াম বিদেশে পাঠানোর চুক্তিতে নতুন করে অনিশ্চয়তা দেখা দিয়েছে। আহমাদিনেজাদের এ ঘোষণা পশ্চিমা বিশ্ব ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। কেননা পশ্চিমা দেশগুলো ইরানের কম সমৃদ্ধ ইউরেনিয়াম (এলইইউ) বিদেশে পাঠিয়ে তেহরানের চুল্লির জন্য উচ্চ পর্যায়ের শোধিত জ্বালানি নেওয়ার প্রস্তাব দিয়েছিল। ইরানের কর্মকর্তারা বারবারই বলছেন, বিদেশ থেকে জ্বালানি বিষয়ক কোন চুক্তি না হলেও ইরান নিজেই ২০ শতাংশ জ্বালানি সমৃদ্ধ করতে সক্ষম। এক টেলিভিশন ভাষণে আহমাদিনেজাদ বলেন, যদিও আমরা নিজেরাই ২০ শতাংশ সমৃদ্ধ জ্বালানি উৎপাদন করতে পারি তারপরও তাদের (পশ্চিমাদের) বলেছি কম সমৃদ্ধ জ্বালানি নিয়ে যাওয়ার জন্য। তিনি আরও বলেন, এ ধরনের একটি চুক্তির জন্য আমরা তাদের দুই থেকে তিন মাস সময় দিয়েছি। তারা এখন নতুন একটি খেলা শুরু করেছে। আমি ড. আলী আকবর সালেহিকে সেন্ট্রিফিউজে ২০ শতাংশ জ্বালানি সমৃদ্ধ করতে বলে দিয়েছি। সে সঙ্গে তিনি আরও জানান, তবে এখনও আলোচনার দ্বার উন্মুক্ত আছে। বিস্তারিত কিছু না জানিয়ে আহমাদিনেজাদ আরও জানান, ইরানের লেজার প্রযুক্তি ব্যবহার করে ইউরেনিয়াম সমৃদ্ধকরণের সামর্থ্যও রয়েছে। তবে এ ব্যাপারে তিনি বিস্তারিত কিছু বলেননি।

মায়ানমারে বন্দর টার্মিনাল ও ফুয়েল স্টেশন বেসরকারি খাতে যাচ্ছে

সিনহুয়া : মায়ানমারের জ্বালানী কর্তৃপক্ষ রাষ্ট্র পরিচালিত ২৪৬টি ফুয়েল ফিলিং স্টেশন নিলাম দেয়ার ঘোষণা

দিয়েছে। এগুলো ব্যক্তি মালিকানায় ছেড়ে দেয়া হচ্ছে। গত সোমবারের এক সরকারি ঘোষণায় বলা হয়, কাইয়াহ রাজ্য ছাড়া দেশের সবগুলো ফিলিং স্টেশন বেসরকারি মালিকানায় ছেড়ে দেয়া হচ্ছে। ২৪৬টি ফুয়েল ফিলিং স্টেশন দেশের বিভিন্ন রাজ্য ও বিভাগে ছড়িয়ে রয়েছে। প্রধানত ইয়াংগুন বিভাগে ৫২টি, ম্যান্ডালাই বিভাগে ৩৯টি, বাগো বিভাগে ৩৭টি, আয়েয়াওদ্দি বিভাগে ২৭টি এবং শান রাজ্যে ২৪টি ফিলিং স্টেশন রয়েছে। ঘোষণায় বলা হয় টেন্ডার লাভকারী বেসরকারি প্রতিষ্ঠান আমদানিকৃত জ্বালানী ওঠানো-নামানোর জন্য জেটি ব্যবহার করতে পারবে এবং স্টোরেজ ট্যাংক স্থাপনের অনুমোদন পাবে। এছাড়াও মায়ানমার কর্তৃপক্ষ ব্যবসায়ীদের ব্যবহারের জন্য ইয়াংগুনের অন্ততপক্ষে তিনটি বন্দর টার্মিনাল বেসরকারি ব্যবস্থাপনায় ছেড়ে দেবে। অব্যাহত ও কার্যকরভাবে ব্যবহারের জন্য প্রাইভেট এন্টারপ্রাইজের টেন্ডার শাখায় হস্তান্তর করা হবে। সরকারের পরিবহন মন্ত্রণালয় পরিচালিত ইয়াংগুনের তিনটি বন্দর টার্মিনাল এখন বেসরকারিকরণ পরিকল্পনার অধীনে। ইয়াংগুন ছাড়াও আরো কিছু বন্দর টার্মিনাল এলাকাও এ পরিকল্পনার আওতায় রয়েছে বলে মায়ানমারের শিল্প ও বনিক সমিতি ফেডারেশন জানিয়েছে।

আক্রান্ত ২ হাজার

এএফপি : বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) একজন কর্মকর্তা গতকাল (সোমবার) বলেছেন, পাপুয়া নিউগিনিতে কলেরায় দু'হাজার লোক আক্রান্ত হয়েছে। ডব্লিউএইচও প্রতিনিধি ইগিল সরেনসেন জানান, গত জুলাই মাসে পাপুয়া নিউগিনির উত্তরাঞ্চলীয় মোরোবি প্রদেশে কলেরা ছড়িয়ে পড়ে এবং কয়েক মাসের মধ্যে তা মাদাং ও ইস্ট সিপিক প্রদেশে ছড়িয়ে পড়ে। তিনি বলেন, এখন পর্যন্ত দু'হাজারের বেশি লোক কলেরায় আক্রান্ত হয়েছে বলে আমরা নিশ্চিত হয়েছি।

রাজনীতিককে হত্যা

এএফপি : ফিলিপাইনের দক্ষিণাঞ্চলীয় একটি প্রদেশে বন্দুকধারীরা গতকাল (সোমবার) একজন রাজনীতিককে গুলি করে হত্যা করেছে। স্থানীয় পুলিশের সিনিয়র ইন্সপেক্টর ওয়ালি কাসুইয়ো জানান, কোটাবাটো নগরীতে জোসেফ কওয়ান দাতুওয়াতা (৪২) একটি পিক-আপ ট্রাকে করে তার দুই শিশুকে নিয়ে বাসা থেকে বের হওয়ার সময় অতর্কিত হামলার শিকার হন। স্থানীয় ব্যবসায়ী দাতুওয়াতা মে মাসে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনে কোটাবাটো নগর পরিষদের একটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছিলেন। গত বছর একই প্রদেশে এক নির্বাচনী সহিংসতায় ৫৭ জন নিহত হয়।

যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন

এএফপি : উত্তর কোরিয়া থেকে মুক্তিপ্রাপ্ত মার্কিন মিশনারি যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন। মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদ জানাতে বড়দিনে উত্তর কোরিয়ায় অনুপ্রবেশ করায় তাকে আটক করা হয়েছিল। বিমান বন্দর মুখপাত্র বলেন, রবার্ট পার্ক গত শনিবার রাতে লস এঞ্জেলেস বিমান বন্দরে পৌঁছেন। চীন থেকে সীমান্তবর্তী একটি নদী অতিক্রম করে অবৈধভাবে প্রবেশের দায়ে উত্তর কোরীয় কর্তৃপক্ষ ২৮ বছর বয়সী ওই ব্যক্তিকে গ্রেফতার করে। তিনি রাজনৈতিক বন্দীদের মুক্তি, বন্দী শিবির বন্ধ, মানবাধিকার পরিস্থিতির উন্নয়ন ও অযাচিত হস্তক্ষেপ পরিহার করতে নেতা কিম জং ইলের প্রতি আহ্বান জানিয়ে একটি পত্র বহন করছিলেন।

জ্যাজ তারকার মৃত্যু

এএফপি : ব্রিটিশ জ্যাজ তারকা জন ডাঙ্কওয়ার্থ (৮২) পরলোকগমন করেছেন বলে তার প্রতিনিধি জানিয়েছে। ডাঙ্কওয়ার্থ এলা ফিটজেরাল্ডের মতো খ্যাতনামা ব্যক্তিদের সঙ্গে কাজ করেন। তিনি ১৯৫৮ সালে গায়ক ক্লিও লেইনকে বিয়ে করেন। ডাঙ্কওয়ার্থ ছিলেন স্যাক্সোফোন বাদক। তিনি ফিটজেরাল্ড, নাটকিঙ কোলি ও ওসকার পিটারসনের মতো ব্যক্তিত্বদের সঙ্গীত পরিচালক ছিলেন। কয়েকমাস ধরে অসুস্থ থাকার পর ডাঙ্কওয়ার্থ গত শনিবার লন্ডনের এক হাসপাতালে মারা যান। ১৯২৭ সালে জন্ম নেয়া ডাঙ্কওয়ার্থ বেনি গুডম্যানের প্রেরণায় ১৭ বছর বয়সে লন্ডনে রয়াল একাডেমি অব মিউজিকে পড়তে যান।